

(2026-29)

৬.২ ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

৬.২.১ সাম্প্রতিক অর্জনঃ বিগত তিন বছরে ১৯১১টি মৌজা জরিপ, ২০.২৩ লক্ষ স্বত্বলিপি প্রস্তুত ও সুদ্রুণ, ৪১.১৩ লক্ষ স্বত্বলিপি প্রকাশ, ২৪.৭৪ লক্ষ স্বত্বলিপি রাজস্ব কাগজের নিকট ও ৪১.১৩ লক্ষ স্বত্বলিপি ভূমি সালিকদের নিকট হস্তান্তর করা হয়েছে। আর, এস জরিপ শুরুর থেকে নভেম্বর/২০১৫ পর্যন্ত সর্বমোট ৪১৯৬৫ টি মৌজার মধ্যে ২৬৩৪৮ টি মৌজার ১,৩৫,৯৪,৩৫৮ টি খতিয়ান এবং ৪১৬২৭ টি নক্সা (প্রতি সিতে ০১টি করে) চূড়ান্তভাবে প্রকাশিত হয়েছে। ডিজিটাল পদ্ধতিতে নক্সা ও খতিয়ান প্রণয়ন কর্মসূচীর আওতায় ঢাকা জেলার সাভার উপজেলার ৪০টি মৌজা এবং নরসিংদী জেলার পলাশ উপজেলার ৪৮টি মৌজার ডিজিটাল জরিপ চলছে। সাভার উপজেলার পাইলট কর্মসূচীভুক্ত ০৫টি মৌজার মধ্যে ০২টি মৌজার কার্যক্রম সম্পন্ন হয়েছে, ০২টি মৌজার কার্যক্রম চলমান আছে রাজশাহী জেলার শোহনপুর, জামালপুর জেলার জামালপুর সদর উপজেলায় এবং পটুয়াখালী জেলার বরগুনা জেলার আমতলী উপজেলায় ডিজিটাল জরিপ চলছে। অটোমেশনের মাধ্যমে রেকর্ড সংরক্ষণ ব্যবস্থা আধুনিক করার জন্য ঢাকা মহানগরীর ১৯১টি মৌজার ৪,০৮৮টি মৌজা ম্যাপ ও ৪.২ লক্ষ খতিয়ান ডিজিটাইজড করা হয়েছে।